রেজিঃ এডিযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd

নথি নং-৫-কাস (১০) প্রি:/ঢা:কা:হা:/আটক/২০২৬/ তারিখ: ১৮/০৩/২০২৬ খ্রি.

বিষয় : কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭(২) এর আওতায় অপরাধ সংগঠনের দায়ে একই আইনের ধারা ২০৩ অনুযায়ী কারণ দর্শানো নোটিশ জারী।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জনৈক ব্যক্তি/আমদানিকারক ATIQUR RAHMAN, PPT NO:A03314340, DHAKA, BANGLADESH কর্তৃক এয়ারওয়ে বিল নম্বর- AWB-99766879584 এর মাধ্যমে আমদানিকৃত পণ্যচালানের বিপরীতে গোপন সংবাদ থাকায় কমিশনার অব কাস্টমস মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রিভেন্টিভ টিম ও এয়ারফ্রেইট ইউনিট কর্তৃক যৌথভাবে ২৮/০১/২০২৬ খ্রিঃ তারিখে পণ্যচালানটি শতভাগ কায়িক পরীক্ষা করা হয়। কায়িক পরীক্ষা ও ইনভেন্ট্রিতে ঘোষণা বহির্ভূত ০৪ (চার) টি কার্টনে ১,০৯,৮০০ (এক লক্ষ নয় হাজার আটশত) শলাকার MOND ও DUNHILL ব্র্যান্ডের CIGARETTE পাওয়া যায়। কায়িক পরীক্ষাপূর্বক ইনভেন্ট্রিতে প্রাপ্ত পণ্যের বর্ণনা ও সম্ভাব্য প্রযোজ্য শুল্ক-কর এর পরিমাণ নিম্নরূপ:

"ছক"

| Box No. | Description of Goods & H.S. Code | Brand | Carton Quantity | Sticks Quantity per Carton | Total Sticks Quantity (Pcs) | Invoice Value (USD) | Exchange Rate (BDT) | BDT Value | BDT Ass. Value (BDT Value + 1% Landing Charge + 1% Insurance) | TTI | Total Tax |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) | (6) | (7) | (8) | (9) | (10) | (11) | (12) |
| 1 | Cigarettes Containing Tobacco 2402.20.00 | Mond | 157 | 200 | 31,400 | 2,344 | 122.7367 | 2,87,694.82 | 2,93,448.72 | 596.20% | 17,49,541.28 |
| 2 | | Mond | 93 | 200 | 18,600 | | | | | | |
| | | Dunhill | 41 | 200 | 8,200 | | | | | | |
| 3 | | Dunhill | 108 | 200 | 21,600 | | | | | | |
| 4 | | Mond | 150 | 200 | 30,000 | | | | | | |
| Total | | | 549 | | 1,09,800 | | | | | | |

০৩। প্রিভেন্টিভ টিম ও এয়ারফ্রেইট ইউনিট কর্তৃক যৌথভাবে পণ্যচালানটি গ্রাউন্ডস হ্যান্ডেলিংয়ের দায়িত্বপ্রাপ্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এর সিকিউরিটি জনাব তাহমিদুল ইসলাম, কমার্শিয়াল সুপারভাইজার (আইডি কার্ড নং: G-52488) এবং জনাব মোবারক আলী, সিকিউরিটি (আইডি কার্ড নং: C-7047) এর উপস্থিতিতে শতভাগ কায়িক পরীক্ষাপূর্বক ইনভেন্ট্রিকালে দেখা যায় যে, পণ্যসমূহ আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর পরিপন্থী। কারণ, আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (১০) এ উল্লেখ থাকা সত্ত্বেও আমদানিযোগ্য সিগারেটের প্যাকেটের গায়ে স্পষ্টভাবে বাংলায় সংবিধিবদ্ধ সতর্কীকরণ "ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর" মুদ্রিত থাকার বিধান থাকলেও আলোচ্য পণ্যসমূহের প্যাকেটের গায়ে তা উল্লেখ নেই। ফলে, কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭ এর উপ-ধারা (১) এর দফা (এঃ) ও উপ-ধারা (২) এর বিধান লংঘনের মাধ্যমে আমদানির চেষ্টা করা হয়েছে, যা ধারা ৩৩ অনুযায়ী অসত্য বিবৃতি বলে গণ্য। অর্থাৎ আমদানিকারক অসত্য ঘোষণা দিয়ে পণ্য খালাসের চেষ্টা করে শুল্ক ফাঁকি দিয়েছেন। উক্ত ১,০৯,৮০০ (এক লক্ষ নয় হাজার আটশত) শলাকা CIGARETTE খালাস হলে সম্ভাব্য শুল্কায়নযোগ্য মূল্য ২,৯৩,৪৪৮.৭২ (দুই **লক্ষ তিরানব্বই হাজার চারশত আটচল্লিশ দশমিক সাত দুই)** টাকা হিসেবে সম্ভাব্য শুল্ক-কর বাবদ মোট ১৭,৪৯,৫৪১.২৮ (সতের লক্ষ **উনপঞ্চাশ হাজার পাঁচশত একচল্লিশ দশমিক দুই আট)** টাকা রাজস্ব ফাঁকি দেওয়ার অপচেষ্টা করেছে।

CamScanner

০৪। এমতাবস্থায়, জনৈক ব্যক্তি/আমদানিকারক এর অসত্য ঘোষণার মাধ্যমে নকল MOND ও DUNHILL ব্র্যান্ডের CIGARETTE আমদানি সংক্রান্ত এরূপ কর্মকান্ড কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ২(২৪) অনুসারে চোরাচালান হিসাবে বিবেচিত এবং একই আইনের ধারা ১৭ এর উপ-ধারা (১) এর দফা (ঞ) ও উপ-ধারা (২) এবং ধারা ৩৩ অনুযায়ী সংঘটিত অপরাধ। তাছাড়া উক্ত কর্মকান্ডের মাধ্যমে Foreign Exchange Regulation Act, 1947 (VII Of 1947) এর Section 4 এর Sub-Section (1), Section 5, আমদানি নীতি আদেশ, ২০২১-২৪ এর অনুচ্ছেদ ২৫ এর উপানুচ্ছেদ (১০), Import & Export (Control) Act, 1950 এর Section 3 এর Sub-Section (1) লঙ্ঘিত হয়েছে। ফলে আমদানিকৃত পণ্যসমূহ 'কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৯১,১৯২ এবং বিশেষ ক্ষমতা আইনের ধারা ২৫ বি এর ১ (বি) এ প্রদত্ত ক্ষমতা বলে আটক করা হয়। উক্ত অপরাধসমূহ কাস্টমস আইন,২০২৩ এর ধারা ১৭১-(১) এর টেবিলভুক্ত দফা ৫,৬, ৯ ও ৪৪ এর বিপরীতে কলাম (৪) মোতাবেক দন্ড আরোপযোগ্য।

০৫। বর্ণিতাবস্থায়, কাস্টমস আইন,২০২৩ এর ধারা ১৭১-(১) এর টেবিলভুক্ত দফা ৫,৬, ৯ ও ৪৪ অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তা আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানো জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, আপনি ব্যক্তিগত কিংবা কৌসুলীর মাধ্যমে শুনানির জন্য হাজির হতে চাইলে তাও উক্ত লিখিত জবাবে উল্লেখ করার জন্য আপনাকে অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে এই নোটিশের লিখিত জবাব এ দপ্তরে দাখিল না করা হলে নথিতে রক্ষিত সংশ্লিষ্ট দলিলাদির ভিত্তিতে আইনানুগ পন্থায় বিষয়টি একতরফাভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হবে।

16.03.26

জান্নাতুল ফেরদৌস
রাজস্ব কর্মকর্তা (চ:দা:)
ফোন: ০২-৮৯০১৫৭৭
ই-মেইল: dch@nbr.gov.bd

প্রাপক,

ATIQUR RAHMAN,
PPT NO:A03314340,
DHAKA, BANGLADESH

নথি নং-৫-কাস (১০) প্রি:/ঢা:কা:হা:/আটক/২০২৬/৩২১৮(৫) তারিখ: ১৬/০৩/২০২৬ খ্রি.

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। ডেপুটি কমিশনার, প্রিভেন্টিভ, কাস্টমস হাউস, ঢাকা।
০২। ডেপুটি কমিশনার, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে কারণ দর্শানো নোটিশ এ দপ্তরের ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)
০৪। পিএ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

16.03.26

জান্নাতুল ফেরদৌস
রাজস্ব কর্মকর্তা (চ:দা:)

O/C



CamScanner